

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
কুষ্টিয়া
www.kushtia.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০৫.৫০০০.০০০.৩৬.০০৩.২৩-৫২৩

তারিখঃ ১৫ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

গণ-বিজ্ঞপ্তি

গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি মোঃ এহেতেশাম রেজা, জেলা প্রশাসক, কুষ্টিয়া ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৫ নভেম্বর ২০২৩/৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রত্যেক নির্বাচনী এলাকার ভোটারগণকে স্ব স্ব নির্বাচনী এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্জে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২. পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৭৭ কুষ্টিয়া-৩ নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ৩০ নভেম্বর ২০২৩/১৫ অগ্রহায়ণ ১৪৩০ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯ টা হতে বিকাল ০৪টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া) এবং আমার সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া) মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখ: ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বছর

(মোঃ এহেতেশাম রেজা)

জেলা প্রশাসক, কুষ্টিয়া

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

৭৭ কুষ্টিয়া-৩

☎ ০২৪৭৭৭৮২৩০০

dckushtia@mopa.gov.bd

নং-১৭.০৫.৫০০০.০০০.৩৬.০০৩.২৩-৫২৩


তারিখঃ ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

- ৩। উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা।
- ৪। অধিনায়ক, ৪৭ বিজিবি, কুষ্টিয়া।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৬। পুলিশ সুপার, কুষ্টিয়া।
- ৭। উপপরিচালক, সিপিসি-১, র্যাব-১২, কুষ্টিয়া।
- ৮। জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া ও সহকারী রিটার্নিং অফিসার (এই গণ-বিজ্ঞপ্তিটি তাঁর উপজেলার সর্বত্র প্রচার এবং নিজ কার্যালয়সহ অন্যান্য কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, কুষ্টিয়া।
- ১১। সিনিয়র জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া (গণ-বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় বহল প্রচারের অনুরোধসহ)
- ১২। উপজেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
- ১৩। অফিসার ইনচার্জ, কুষ্টিয়া সদর/ইবি থানা, কুষ্টিয়া।
- ১৪। অফিস কপি।



(মোঃ এহেতেশাম রেজা)

জেলা প্রশাসক, কুষ্টিয়া

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

৭৭ কুষ্টিয়া-৩